# দাখিল পরীক্ষায় পাঁচ শিক্ষার্থী বহিষ্কার

**প্রতিনিধি, পীরগাছা (রংপুর)** : রোববার, ২৫ সেপ্টেম্বর ২০২২

রংপুরের পীরগাছায় অসদুপায় অবলম্বন করায় দাখিল পরীক্ষায় পাঁচ পরীক্ষার্থীকে বহিস্কার এবং সহযোগীতা করার দায়ে এক মাদ্রাসা শিক্ষককে পরীক্ষার কেন্দ্রে দায়িত্ব না দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। এ তথ্য নিশ্চিত করেন উপজেলা নির্বাহী অফিসার শেখ শামসুল আরেফীন।

গত ২০ সেপ্টেম্বর সংবাদ পত্রিকায় মানা হচ্ছে না নিয়োগ বিধি, পরীক্ষা কেন্দ্রে হ-য-ব-র-ল শিরোনামে খবর প্রকাশিত হলে নড়ে চরে বসে প্রশাসন। চলতি এসএসসি ও দাখিল পরীক্ষায় ২৪ সেপ্টেম্বর উপজেলার হাজী ছফের উদ্দিন মাদ্রাসা কেন্দ্রের মামুন মিয়া, রোল ১৬৯৮৪৭, অন্নদানগর শাহ আলম কুদরতিয়া দাখিল মাদ্রাসার মোবারক আলী, রোল ১৬৯৯৪৩, দিলাল পাড়া দাখিল মাদ্রসার সুমন মিয়া, রোল ১৭০০৩১, স্বচাষ তালতলা দাখিল মাদ্রসার নুপুর আক্তার, রোল ১৭০০৩৯ ও দেওয়ান সালেহ আহমদ দাখিল মাদ্রাসার শোয়াইবুর রহমান, রোল ৪১৬৮১৩ কে বহিস্কার করা হয়। সেই সাথে ই মাদ্রাসার এবতেদায়ী পর্যায়ের সহকারী শিক্ষক (ক্বারী) আতাউর রহমান ইনডেক্স নং ২০০০১৯৯ এর ইনভিজিলেটর হিসেবে দায়িত্ব না দেয়ার নির্দেশ দেয়া হয়। নাম প্রকাশ না করার শর্তে একাধিক কক্ষ পরিদর্শক বলেন, একজন ৪র্থ শ্রেণীর কর্মচারীর মাধ্যমে হাজী ছফের

উদ্দিন মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে প্রায় তিন শত পেজের নকলের ফটো কপি হলে হলে পৌঁছে দেয়া হয়েছে।